# উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটির সেপ্টেম্বর-২০২৫ মাসের কার্যবিবরনীঃ

সভাপতি:মোকলেদা খাতুন মীম, উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
স্থান:উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহারোল, দিনাজপুর।
তারিখঃ ১০/০৯/২০২৫খ্রি. সময়ঃ সকাল ১১ টা

সভায় উপস্থিত সদস্য গনের নাম,পদবী,স্মাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সভায় পদবী | স্মাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোকলেদা খাতুন মীম | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | জনাব মো:মনোয়ারুজ্জামান,৪নং তারগাঁও ইউনিয়ন | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মো: জাহিদুজ্জামান সরকার(লিমন),৩নং মকুন্দপুর ইউনিয়ন | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মো:আতাউর রহমান,৬নং রামচন্দ্রপুর ইউনিয়ন | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | জনাব হেমন্ত কুমার রায়,,অবসর প্রাপ্ত সহকারী শিক্ষক কাহারোল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়,কাহারোল,দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মো:শাহনওয়াজ,প্রধান শিক্ষক, রামচন্দ্রপুর উচ্চ বিদ্যালয় কাহারোল,দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | জনাব মো: জিয়াউল ইসলাম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) ,কাহারোল,দিনাজপুর। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সূচিঃ
১) ৫২তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ আয়োজন প্রসঙ্গে।
২) টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন কার্যক্রম প্রসংগে।
৩) বিবিধ

অদ্যকার সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোকলেদা খাতুন মীম উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন ।কমিটির সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মো:জিয়াউল ইসলাম সভাকে জানান ৫২তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ উপজেলা পর্যায়ে সুষ্ঠুভাবে সম্পন্নের পর জেলা পর্যায়ে নির্দিষ্ট ফরমে তালিকা প্রেরণ করা হয়েছে।সান্দ্রাই উচ্চ বিদ্যালয় বালক হ্যান্ডবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার পরেও জেলা পর্যায়ে অংশগ্রহন না করায় সভায় অসন্তোশ প্রকাশ করা হয়।

২নং আলোচ্য সূচির বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান আগামী ১২অক্টোবর/২৫ থেকে সারা দেশের ন্যায় কাহারোল উপজেলায় ৯মাস বয়স থেকে ১৫ বছরের কম বয়সী সকল শিক্ষার্থীদের বিনামূল্যে ০১ডোজ টাইফয়েড টিকা প্রদান করা হবে।এ লক্ষে উপজেলার সকল প্রাইমারী ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্মনিবন্ধন দিয়ে অনলাইন রেজিস্ট্রেশন করা প্রয়োজন।সভায় আলোচনান্তে সকল শ্রেনীশিক্ষক এর সহযোগিতায় প্রতিষ্ঠানের নির্দিষ্ট বয়স সীমার মধ্যে সকল শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম অতিশীঘ্র সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিষয়টি মনিটরিং করবেন।সভায় আলোচনান্তে বিষয়টি গুরুত্ব বিবেচনায় কমিটির সকল সদস্যকে নিজ নিজ ক্ষেত্র থেকে সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশ গ্রহনের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/০৯/২৫

(মোকলেদা খাতুন মীম)
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্টিয়ারিং কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার,
কাহারোল,দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর ।

তারিখ- ১০/০৯/২০২৫খ্রি.

স্মারক নং: উমাশি/কাহা/দিনাজ/২০২৫/

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:
১) জেলা প্রশাসক, দিনাজপুর।
২) জেলা শিক্ষা অফিসার , দিনাজপুর।
৩) উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
৪) জনাব ---------------------------------------
৫) অফিস কপি।

(মোঃ জিয়াউল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
কাহারোল, দিনাজপুর।